

প্রশ্ন : বচন কাকে বলে? এর শ্রেণীবিভাগ উদাহরণসহ আলোচনা কর।

বচন :

সংজ্ঞা: বিশেষ্য, বিশেষণ, সর্বনাম পদবিশিষ্ট শব্দের সংখ্যা যার বা যাদের মাধ্যমে প্রকাশ করা হয়, তাকে বা তাদেরকে বলে বচন।

উদাহরণ: (১) আমাকে একটা ছাতা দাও।

(২) দু'টি মেয়ে স্কুলে যাচ্ছে।

(৩) সে খেলা করে।

(৪) ছেলেগুলি বাজারে যায়।

(৫) ছাত্রেরা গোলমাল করছে।

প্রকারভেদ:

বাংলাভাষায় বচন দু'রকম-

(১) একবচন (Singular number)

(২) বহুবচন (Plural number)।

সংস্কৃত ব্যাকরণে একবচন, বহুবচন ছাড়াও দ্বিবচনের অস্তিত্ব লক্ষ্য করা যায়। বাংলায় দ্বিবচনের অস্তিত্ব নেই।

১) একবচন: বার বার যাদের মাধ্যমে বিশেষ্য, বিশেষণ, সর্বনাম পদ বিশিষ্ট শব্দের একটি বা একজনকে বোঝানো হয় তাকে একবচন বলে।

যেমন-(১) একটি ছেলে স্কুলে যায়।

(২) মেয়েটি লম্বা।

(৩) সে গান গায়।

২) বহুবচন: যার বা যাদের মাধ্যমে বিশেষ্য, বিশেষণ, সর্বনাম পদ বিশিষ্ট শব্দের একের বেশী বহুসংখ্যাকে বোঝানো হয়, তার বা তাদের বহুবচন বলে।

যেমন-(১) মেয়েগুলি গান গায়।

(২) দু'টি ছেলে ঝগড়া করে।

(৩) শিশুদের হাসি খুব ভালো লাগে।

(৪) ছেলেরা ফুটবল খেলছে।

• বচনের ক্ষেত্রে বাক্যের মধ্যে বা শুরুতে অবস্থিত নির্দেশকের ভূমিকা অপরিসীম, যেমন-

(১) ছেলেটি গান গায়। ('টি' এখানে নির্দেশক)

২) মেয়েগুলি নাচে। ('গুলি' এখানে নির্দেশক)

(৩) খবরের কাগজখানি দাও। ('খানি' এখানে নির্দেশক)

(৪) একজন যুবক এসেছিল। ('একজন' এখানে নির্দেশক)

(৫) অনেক ফুল ফুটেছে। ('অনেক' এখানে নির্দেশক)

(৬) ওইগুলি দাও। ('ওইগুলি' এখানে নির্দেশক)

'টি' 'গুলি' 'খানি', 'একজন', 'অনেক' 'ওইগুলি' এইসব নির্দেশকই বুঝিয়ে দিয়েছে বাক্যটি একবচন না বহুবচন।

একবচনের নির্দিষ্ট কোনও শব্দ না থাকলেও, বহুবচনে শব্দের সঙ্গে এরা, রা, দেৱ, দিগকে, এদের, গুলি, গুলো, গণ, বৃন্দ, বর্গ প্রভৃতি শব্দ যুক্ত হয়। এক, একটা প্রভৃতি শব্দ একবচনের ক্ষেত্রে প্রয়োগ, বহুবচনের ক্ষেত্রে বিশেষণের, সর্বনামের, ক্রিয়া বিশেষণের অসমাপিকা ক্রিয়ার দ্বিত্ব প্রয়োগ লক্ষ্য করা যায়। যেমন-

- (১) পাকা পাকা পেঁপেগুলো পাখিতে খেয়েছে। (বিশেষণের দ্বিত্ব)
- (২) যে যে নাটক করেছে সে সে প্রাইজ পেয়েছে। (সর্বনামের দ্বিত্ব)
- (৩) দলে দলে মেয়েরা চলেছে। (ক্রিয়া বিশেষণের দ্বিত্ব)
- (৪) কাঁদতে কাঁদতে তারা গেল। (অসমাপিকা ক্রিয়ার দ্বিত্ব)

একের বেশি সংখ্যার প্রয়োগ করে বহুবচন করা সম্ভব। যেমন- দুটো গরু, তিনটি ছাগল, চারটি মানুষ, পাঁচটি কুকুর, ছ-টি খেলোয়াড়, সাতটি ছেলে, আটটি বাঘ, নয়টি লোক ইত্যাদি।